# বীজ অঙ্কুরোদগম এবং পরিচর্যা

### ক. ঝাঁটি বরবটি:

**ক.১.** বরবটির বীজ সাধারণত সরাসরি মাটিতে স্থানান্তরিত করা হয়।
**ক.২.** মাটিতে স্থানান্তরণের পর পরিমান মতো জল দেওয়া অত্যন্ত জরুর।
**ক.৩.** সাধারণত ২ ঘন্টার মধ্যে বীজ ফেটে যায় এবং ২৪ ঘন্টার মধ্যে গাছ মাটি থেকে দেখতে পাওয়া যায়।

### খ. পুরুল এবং ঢেঁড়শ:

**খ.১.** পারুলের বীজ সাধারণত ৬ ঘন্টা জলে ভিজিয়ে ভালো করে ধুয়ে ছেঁকে নেওয়া হয়।
**খ.২.** পরবর্তী পর্যায়ে বীজগুলিকে ১২ থেকে ১৪ ঘন্টা পাতলা কাপড়ে মুড়ে কোনো গরম স্থানে রাখা হয়।
**খ.৩.** বীজ গুলি অঙ্কুরিত হলে মাটিতে স্থানান্তরিত করা হয়।
**খ.৪** ১৪ ঘন্টা পরে গাছ মাটি থেকে বেরিয়ে আসে।

### গ. পুঁই:

**গ.১.** বীজ গুলিকে ৩ ঘন্টার জন্য জলে ভেজানো হয়।
**গ.২** ৩ ঘন্টা পরে ভালোকরে চটকে লালাগুলি ধুয়ে ফেলেদিতে হবে এবং আবার পরিষ্কার জলে ৩ ঘন্টার জন্য ভিজিয়ে রাখতে হবে।
**গ.৩.** ৩ ঘন্টা পরে একই পক্রিয়ায় ধোয়ার পর ১৮ ঘন্টা জলে ভিজিয়ে রাখতে হবে।
**গ.৪.** এরপর পরবর্তী পর্যায়ে বীজগুলিকে ৪৮ ঘন্টা পাতলা কাপড়, ডুমুর বা কলা পাতায় মুড়ে কোনো গরম স্থানে রাখা হয়।
**গ.৫.** বীজ গুলি অংকুরিত হলে মাটিতে স্থানান্তরিত করা হয়।
**গ.৬.** বীজ মাটিতে পোঁতার পর বাইরে বেরিয়ে আস্তে ১ দিন সময় লাগে।

### ঘ. বেগুন, টমেটো, লঙ্কাঃ

চারা মাটিতে বসানোর আগে বীজতলায় গাছ বড়ো করতে হয়।

### ঘ.১. বীজতলা তৈরী

**ঘ১.১.** বীজতলা তৈরির জন্য মাটিকে ভালো করে কুপিয়ে ছোট ছোট ডানায় পরিণত করতে হবে।
**ঘ.১.২.** মাটির লবণাক্ততা বেশি হলে সুপার ফসফেট (১/১ ফুটের জন্য ১০ গ্রাম) ব্যবহার করা যেতে পারে।
**ঘ.১.৩.** এরপর বীজতলায় পরিমান মতো জল দিয়ে ভিজিয়ে ফেলতে হবে।
**ঘ.১.৪.** বর্ষাকালে বীজ তৈরী করতে হলে প্লাস্টিকের উপর বীজতলা তৈরী করা যেতে পারে, এক্ষেত্রে প্লাস্টিকের উপর ৬ ইঞ্চি মাটি দিয়ে বীজ ফেলতে হবে কিন্তু খেয়াল রাখতে হবে যেন না প্লাস্টিকে জল জমে।

### ঘ.২. বীজতলায় চারা তৈরির নিয়ম:

**ঘ.২.১.** বীজ গুলিকে ৩ ঘন্টার জন্য জলে ভেজানো হয়।
**ঘ.২.২.** ৩ ঘন্টা পরে ভালোকরে চটকে লালাগুলি ধুয়ে ফেলেদিতে হবে এবং আবার পরিষ্কার জলে ৬ ঘন্টার জন্য ভিজিয়ে রাখতে হবে।
**ঘ.২.৩.** এরপর পরবর্তী পর্যায়ে বীজগুলিকে ২৪ ঘন্টা পাতলা কাপড়ে মুড়ে কোনো গরম স্থানে রাখা হয়।
**ঘ.২.৪**. বীজ অংকুরিত হলে সঠিক দূরত্বে (একটা থেকে আরেকটা বীজের দূরত্ব ১/২ ইঞ্চি) বীজগুলিকে বীজতলায় ছড়িয়ে দিতে হবে।
**ঘ.২.৫**. ছড়ানো বীজের উপর ১ সেমি বজায় রেখে মাটি বা কোকোপিটের আস্তরণ দিতে হবে এবং খবর কাগজ ঢাকা দিতে হবে।
**ঘ.২.৬**. ২৪ ঘন্টা পর পর্যবেক্ষন করতে হবে যে মাটি থেকে গাছ বেরিয়েছে কিনা না বেরোলে আরো ২৪ ঘন্টা অপেক্ষা করতে হবে।
**ঘ.২.৭**. বীজতলার আবৃত খবরের কাগজ ঠান্ডা বেলায় খোলা ভালো।

### ঙ. লাল শাক:

**ঙ.১.** মাটিতে রস থাকলে ছাড়া ভেজাতে লাগেনা তবে রস না থাকলে ৩ ঘন্টা জলে ভিজিয়ে মাটিতে ছড়িয়ে দেওয়া হয় এবং পরে খবর কাগজ দিয়ে ঢাকা দেওয়া হয়।
**ঙ.২.** ৩৬ ঘন্টা পর গাছ বেরিয়ে আসে।

### চ. পরিচর্যা:

**চ.১.** দানা মাটিতে পোঁতার পর খবর কাগজ দিয়ে ঢাকা দেওয়া প্রয়োজন।
**চ.২.** বীজ সবসসময় ১ থেকে ২ ইঞ্চি নিচে পুঁততে হবে।
**চ.৩.** বীজ লাগানোর পর পরিমান মতো জল দিতে হবে। অতিরিক্ত জল দেওয়া যাবে না।